দৈনিক বাংলা

155-A
176-A

তারিখ 19 MAR 1988
পৃষ্ঠা ... কলাম 1 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
97

প্রেসিডেন্ট এরশাদ বৃহস্পতিবার ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে পরিবেশ অধ্যয়ন ও দুর্যোগ ব্যবস্থাপনা আন্তর্জাতিক ইনস্টিটিউট উদ্বোধন করেন

প্রাকৃতিক দুর্যোগে উন্নয়ন প্রচেষ্টা বিপর্যস্ত হচ্ছে

প্রতিবেশের অবনতিতে আমরা উদ্বিগ্ন ঃ এরশাদ

(স্টাফ রিপোর্টার)

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ প্রাকৃতিক পরিবেশের ক্রমাবনতিতে উদ্বেগ প্রকাশ করে বলেছেন প্রতিবেশের ভারসাম্যের উপর যাতে উন্নয়ন পরিকল্পনা চাপ সৃষ্টি না করে সে ব্যাপারে তাঁর সরকার সতর্ক রয়েছে। তিনি বলেন, 'অর্থনৈতিক উন্নয়নের জন্যে বিজ্ঞান ও প্রযুক্তির ভূমিকা অস্বীকার করা যায় না। তবুও আমরা প্রতিবেশের জন্যে নিরাপদ প্রযুক্তির সন্ধান করছি।

গতকাল দুপুরে আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক পরিবেশ সমীক্ষা ও দুর্যোগ ব্যবস্থাপনা ইনস্টিটিউটের উদ্বোধনী অনুষ্ঠানে প্রেসিডেন্ট বলেন, রাজনীতির প্রধান লক্ষ্য জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন। এই লক্ষ্যে যতটুকু অগ্রগতি সাধিত হয়েছিল, তা সবই ভয়াবহ বন্যা ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হয়েছে। এই প্রসঙ্গে তিনি বাংলাদেশে পর পর দুটি ভয়াবহ বন্যা ও খরাসহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের দৃষ্টান্ত উল্লেখ করেন। প্রেসিডেন্ট জানান উপর্যুপরি প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার উদ্দেশ্যে বাংলাদেশ এ্যাকশন কর্মসূচী গ্রহণ করে। সেই কর্মসূচীর অধীনেই একটি পরিবেশ সমীক্ষা ও দুর্যোগ মোকাবিলা কেন্দ্র প্রতিষ্ঠার ব্যাপারে চিন্তাভাবনা করা হয়। গত মার্চের প্রথমদিকে ঢাকায় অনুষ্ঠিত আন্তর্জাতিক সেমিনারে এই কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়।

প্রেসিডেন্ট এরশাদ আন্তর্জাতিক পরিবেশ সমীক্ষা ও দুর্যোগ ব্যবস্থাপনা ইনস্টিটিউটের জন্যে

৩-এর পৃঃ দ্রঃ

দৈনিক বাংলা

155-B

তারিখ 19 MAY 1988
পৃষ্ঠা ... কলাম ...

ডকুমেন্টেশন কেন্দ্র

প্রতিবেশের অবনতিতে

(প্রথম পৃঃ পর)

জমি ও এক কোটি টাকা প্রদানের কথা ঘোষণা করে বলেন, তার সরকার এই ইনস্টিটিউটের পূর্ণাঙ্গ রূপদানের ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন বাংলাদেশের ভৌগোলিক অবস্থান, ভূ-আবহাওয়া, নদীর প্রবাহ, উপকূলে পরিবর্তনের প্রক্রিয়া ইত্যাদি মিলে বিভিন্ন দেশের বৈজ্ঞানিকদের জন্যে সমীক্ষণের এক চমৎকার সুযোগ এখানে রয়েছে। এই ইনস্টিটিউটের গবেষণালব্ধ তথ্য পরিবেশ দূষণ রোধ এবং সুষ্ঠু পরিকল্পনা প্রণয়নের জন্যে সহায়ক হবে বলে তিনি দৃঢ় আশা প্রকাশ করেন।

উপপ্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদের সভাতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে নোবেল পুরস্কার বিজয়ী পাকিস্তানী বৈজ্ঞানিক প্রফেসর আবদুস সালাম সম্মানিত অতিথি হিসাবে বক্তৃতা করেন। স্বাগত বক্তৃতা করেন ইনস্টিটিউটের সেক্রেটারী জেনারেল প্রফেসর সৈয়দ শফিউল্লাহ। ভাইস প্রেসিডেন্ট এ কে এম নূরুল ইসলাম, স্পীকার শামসুল হুদা চৌধুরী, প্রধানমন্ত্রী মওদুদ আহমদ, মন্ত্রীপরিষদের সদস্যবর্গ কূটনৈতিক মিসনের সদস্যগণ ও বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানের আগে প্রেসিডেন্ট মিরপুর দারুস সালামে পরিবেশ সমীক্ষা ও দূষণ ব্যবস্থাপনা ইনস্টিটিউটের ভিত্তিফলক উন্মোচন করেন।

প্রেসিডেন্ট এরশাদ উদ্বোধনী ভাষণে এই ইনস্টিটিউট যাতে আন্তর্জাতিক ও আঞ্চলিক পরিবেশ ও প্রতিবেশ রক্ষায় যথার্থ ভূমিকা পালন করতে পারে সে জন্যে বিভিন্ন দেশের সরকার ও আন্তর্জাতিক সংগঠনের প্রতি সহযোগিতা দানের আহবান জানান।

তিনি বলেন, পৃথিবীর সব দেশই এখন পরিবেশগত অবনতির সমস্যার কবলে পড়েছে। এসিড বৃষ্টির ফলে ইউরোপের বনাঞ্চল ধ্বংস এবং হিমালয়ের পাদদেশে বন উজাড় করার ফলে বাংলাদেশের নদীতে প্রচুর পরিমান পলি জমা এই সমস্যার মধ্যে তেমন কোন পার্থক্য নেই। প্রেসিডেন্ট বলেন, গত পাঁচ বছরের বৈজ্ঞানিক তথ্য থেকে জানা যায়, পৃথিবীর তাপমাত্রা ক্রমেই বাড়ছে। পুরো মানব সভ্যতা এক অজানা ভীতির সম্মুখীন হয়েছে। নীচু এলাকার ভয় সবচেয়ে বেশী সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির ফলে বাংলাদেশের ৩০ শতাংশ কৃষি জমি তলিয়ে যাওয়ার আশংকা সৃষ্টি হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

উদ্বোধনী ভাষণে প্রেসিডেন্ট এরশাদ জিএনপির এক দশমিক এক ভাগ বিজ্ঞান এ প্রযুক্তির উন্নয়নের জন্যে ব্যয় করার কথা ঘোষণা করেন।

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

155-C

তারিখ 6 MAY 1988
পৃষ্ঠা 1 কলাম 1

ইনস্টিটিউট প্রতিষ্ঠা পরিবেশ রক্ষায় মাইল ফলক ঃ কাজী জাফর

(স্টাফ রিপোর্টার)

উপপ্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ আন্তর্জাতিক পরিবেশ সমীক্ষা ও দুর্যোগ মোকাবিলা ইনস্টিটিউটের উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতির বক্তৃতায় বলেন এই ইনস্টিটিউট সারা পৃথিবীর পরিবেশ ও প্রতিবেশের সমস্যার সমাধান ও দুর্যোগ মোকাবিলায় নিরীক্ষা কেন্দ্র হিসাবে কাজ করবে।

বিজ্ঞান-প্রযুক্তিতে বাংলাদেশীদের অগ্রগতি দেখতে চাই ঃ প্রফেসর সালাম

(স্টাফ রিপোর্টার)

নোবেল পুরস্কার বিজয়ী বিজ্ঞানী প্রফেসর অবদুস সালাম গতকাল বাংলাদেশ বিজ্ঞান একা-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

বিজ্ঞান প্রযুক্তিতে

(১ম পৃঃ পর)

ডেমীর ফাউন্ডেশন ট্রাস্ট আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেছেন।

বিকালে ফার্মগেটস্থ বিএআরসিতে এ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে প্রফেসর সালাম তৃতীয় বিশ্ব বিজ্ঞান একাডেমীর তহবিল থেকে উদার অনুদান দেয়ার প্রতিশ্রুতি দেন।

বিজ্ঞানীর অনুসুস্থতাবশত অনুষ্ঠানের স্থান সরিয়ে বিএআরসির সবুজ চত্বরে নিয়ে আসা হয়। কিন্তু কোন মাইক না থাকায় বিজ্ঞানীর বক্তব্য শোনা যায়নি। দেশের বিশিষ্ট শতাধিক খ্যাতনামা বিজ্ঞানী গবেষক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। একাডেমির চেয়ারম্যান প্রফেসর ইন্নাস আলী প্রফেসর সালামকে একজন মহান মুসলিম বিজ্ঞানী বলে অভিহিত করেন।

প্রধান অতিথির ভাষণ দিতে গিয়ে প্রফেসর সালাম পবিত্র কোরান থেকে সুদীর্ঘ আয়াত তেলাওয়াত করেন। প্রফেসর সালাম বলেন যে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে অবদান রাখার ক্ষেত্রে অবদান রাখার জন্যে এ ধরনের ফাউন্ডেশনের দরকার রয়েছে। এ প্রসঙ্গে তিনি জানান যে মার্কিন যুক্তরাষ্ট্রে ২২ হাজার বৈজ্ঞানিক ফাউন্ডেশন রয়েছে।

তিনি বলেন বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে বাংলাদেশীরা এগিয়ে যাচ্ছেন---এটা দেখার জন্য তিনি সাগ্রহে অপেক্ষা করছেন। বাংলাদেশের জনগণের প্রতি তাঁর গভীর আকর্ষণের কথা উল্লেখ করে তিনি বলেন যে বাংলাদেশের জনগণ আন্তরিক তাদের মধ্যে কোন ভান নেই।